দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ২

## মোদার্রেসিন–প্রতারণায় যারা টাকার পাহাড় ও পত্রিকা সাম্রাজ্য গড়েছে

# ওদের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষকরা সতর্ক থাকুন

**স্টাফ রিপোর্টার ॥** মাদ্রাসা শিক্ষকদের প্রতারণা করে যারা টাকার পাহাড় এবং পত্রিকা সাম্রাজ্য গড়েছে তাদের বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির সম্মেলনে।

মঙ্গলবার ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বিএনপি মহাসচিব স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার। সম্মেলনে সভাপতিত্ব করেন মাদ্রাসা শিক্ষক সমিতির আহবায়ক বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী অধ্যাপক এম এ মান্নান।

সম্মেলনে অধ্যাপক এম এ মান্নান বলেন, একটি মহল দীর্ঘদিন ধরে মাদ্রাসা শিক্ষকদের প্রতারণা করে আসছে। মাওলানা মান্নানের নেতৃত্বাধীন এই মহলটি মাদ্রাসা শিক্ষকদের বলেছিল তাদের নামে পত্রিকা বের করা হবে। এ কথা বলে তাদের কাছ থেকে টাকাও নেয়া হয়েছে। কিন্তু মাদ্রাসা শিক্ষকরা প্রতারিত হয়েছেন। পত্রিকা বের হয়েছে, কিন্তু তার মালিক আর মাদ্রাসা শিক্ষকরা নন।

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার সালাম তালুকদার সম্মেলনে মাদ্রাসা শিক্ষকদের ১৬ দফা দাবি পূরণের আশ্বাস দেন।

সম্মেলনে আরও বক্তৃতা করেন নৌ পরিবহণ উপমন্ত্রী এবিএম জাহিদুল হক, সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক পীরজাদা এস এম রুহুল আমিন, পীরজাদা কাজী সৈয়দ মোঃ

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ওদের বিরুদ্ধে

(প্রথম পাতার পর)

শরীয়ত উল্লাহ, মাওলানা একেএম নুরুল ইসলাম, মাওলানা মহিউদ্দিন ফারুক প্রমুখ।

সম্মেলনে আগত জেলা প্রতিনিধিদের অধিকাংশই তাদের বক্তৃতায় জমিয়াতুল মোদার্রেছিনের মাওলানা মান্নানের তীব্র সমালোচনা করেন। তারা বলেন, মাওলানা মান্নান মাদ্রাসা শিক্ষকদের ব্যবহার করে টাকার পাহাড় ও পত্রিকা সাম্রাজ্য গড়েছেন। এখনও এই মহলটি মাদ্রাসা শিক্ষকদের তাদের হীন স্বার্থে ব্যবহার করতে চায় এবং বক্তারা এই মহলটির বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানান।

সম্মেলনে বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী অধ্যাপক এম এ মান্নানকে সভাপতি, পরীজাদা সৈয়দ কাজী মোঃ শরীয়ত উল্লাহকে সহ-সভাপতি এবং পীরজাদা মাওলানা এস এম রুহুল আমিনকে মহাসচিব করে মাদ্রাসা শিক্ষক সমিতির ১৫১ সদস্য বিশিষ্ট জাতীয় কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

১৭